



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: নিবন্ধন অধিদপ্তরের টি.সি শাখার ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট সংশোধন প্রস্তাব অনুমোদন সংক্রান্ত সভার

কার্যবিবরণী;

সভাপতি

: জনাব দীপক চক্রবর্তী

অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ

সভার তারিখ

: ০৪ অক্টোবর ২০২১ খ্রি:

সময়

: বিকাল ০৩.০০ টা

স্থান

: অতিরিক্ত সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের উপসচিব (জেলা পরিষদ) জনাব তানভীর আজম ছিদ্দিকী সভাকে জানান, নিবন্ধন অধিদপ্তরের টি.সি শাখাসহ জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার কার্যালয় সমূহের টি.সি শাখার ২০২১-২০২২ অর্থবছরের বাজেট ইতোমধ্যে অনুমোদন প্রদান করা হয়েছে। তবে অনুমোদিত বাজেটের ১৪ নং ক্রমিকে বর্ণিত 'আনুষঙ্গিক (দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত টিসি কর্মচারীদের মজুরীসহ চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সাজ পোশাকসহ অন্যান্য খরচ)' শীর্ষক ব্যয় খাতে মোট ১,৬৫,০০,০০০.০০ টাকা (এক কোটি পয়ষট্টি লক্ষ টাকা) বরাদ্দ রাখা হয়। এ খাতের নাম সংশোধন করে শুধুমাত্র 'আনুষঙ্গিক ব্যয়' হিসেবে প্রতিস্থাপনের জন্য বর্তমানে নিবন্ধন অধিদপ্তরের পক্ষ হতে প্রস্তাব করা হয়েছে।

২। সভাপতি 'আনুষঙ্গিক ব্যয়' খাতের অর্থ নিবন্ধন অধিদপ্তর, জেলা রেজিস্ট্রি অফিস, সাব-রেজিস্ট্রি অফিসের চাহিদা অনুযায়ী বিভাজন করা প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন। এ বিষয়ে সভায় উপস্থিত মহা-পরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর ও অন্যান্য সকল কর্মকর্তাগণ একমত পোষণ করেন।

৩। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনায় ২০২১-২০২২ অর্থবছরের অনুমোদিত বাজেটের ১৪ নং ক্রমিকে বর্ণিত ব্যয় খাতের নাম 'আনুষঙ্গিক ব্যয়' হিসেবে প্রতিস্থাপন প্রস্তাব অনুমোদন এবং এখাতে রক্ষিত অর্থ নিবন্ধন অধিদপ্তর, জেলা রেজিস্ট্রি অফিস, সাব-রেজিস্ট্রি অফিসওয়ারি নিয়বর্ণিতভাবে বিভাজনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	ব্যয়খাতের পূর্বের নাম	ব্যয়খাতের প্রতিস্থাপিত নাম	২০২১-২২ অর্থ বছরের বরাদ্দের কার্যওয়ারি বিভাজন	
১৪.	আনুষঙ্গিক (দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত টিসি কর্মচারীদের মজুরীসহ চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সাজ পোশাকসহ অন্যান্য খরচ)	আনুষঙ্গিক ব্যয়	কার্যালয়	মোট বরাদ্দ (টাকায়)
			(১) নিবন্ধন অধিদপ্তর :	৬,২৬,০০০.০০
			(২) জেলা রেজিস্ট্রি অফিস	
			(ক) ১৯টি বৃহৎ জেলার জন্য (৭০,০০০×১৯)	১৩,৩০,০০০.০০
			(খ) অন্যান্য ৪২টি জেলার জন্য (৬০,০০০×৪২)	২৫,২০,০০০.০০
			(গ) সাব-রেজিস্ট্রি অফিস (২৪,০০০.০০ টাকা×৫০১)	১,২০,২৪,০০০.০০
			মোট :	১,৬৫,০০,০০০.০০ (এক কোটি পয়ষট্টি লক্ষ টাকা)

৮। পরিশেষে সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


দীপক চক্রবর্তী
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০৩.১৭-২১৬৯/১(১০)

তারিখ : ২৮ আশ্বিন ১৪২৮
১৩ অক্টোবর ২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব, (প্রশাসন/নগর উন্নয়ন/উপজেলা অধিশাখা/ইউনিয়ন পরিষদ অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ।
- ৪। মহা-পরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা/নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd